

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩১.০৮.০০৩.২৩.১১০৫

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০

২৬ সেপ্টেম্বর ২০২৩

অফিস আদেশ

জনাব যোসেফ হাসদা, খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা, হিলি এলএসডি, হাকিমপুর, দিনাজপুরকে ১৯৫৯ সনের ছুটি বিধিমালার ৩(১) এর বি (II) উপ-বিধি মোতাবেক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তার স্ত্রীসহ উন্নত চিকিৎসার উদ্দেশ্যে ভারত গমনের জন্য ২৫/০৯/২০২৩খ্রি. হতে ২৪/১০/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ৩০ (ত্রিশ) দিন অথবা ছুটি ভোগের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের অর্জিত (বহিঃ বাংলাদেশ) ছুটি নির্দেশক্রমে মঞ্জুর করা হলো:

- (ক) এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
- (খ) তিনি ছুটিকালীন প্রাপ্যতা অনুযায়ী বেতন ও ভাতাদি দেশীয় মুদ্রায় গ্রহণ করবেন;
- (গ) মঞ্জুরিকৃত ছুটির অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- (ঘ) এ ছুটি ভোগের ক্ষেত্রে বি.এস.আর. পার্ট-১ এর পরিশিষ্ট ৮ এর বিধি ৩৪ এর বিধান প্রযোজ্য হবে;
- (ঙ) বহিঃবাংলাদেশ ছুটি থেকে ফেরার পর যোগদান পত্রের সাথে Passport এর Exit/Departure এবং Entry/Arrival সীলসহ Passport এর কপি দাখিল করবেন।



২৬-৯-২০২৩

মোঃ মনিরুল ইসলাম

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০৭২৩

ইমেইল: dd.est@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩১.০৮.০০৩.২৩.১১০৫/১

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০

২৬ সেপ্টেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর(তার ছুটিকালীন একজন অভিজ্ঞ খাদ্য পরিদর্শক অথবা ভারপ্রাপ্ত কর্মকর্তাকে হিলি এলএসডি'তে অতিরিক্ত দায়িত্ব প্রদান করার জন্য অনুরোধ করা হলো)
- ৩) মান্যবর ভারতীয় হাইকমিশনার, গুলশান, ঢাকা
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (এ আদেশটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, দিনাজপুর
- ৬) ম্যানেজার, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
- ৭) সহকারী কমিশনার, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
- ৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হাকিমপুর, দিনাজপুর
- ১০) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর
- ১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, চেকপোস্ট, বেনাপোল, যশোর/ দর্শনা, চুয়াডাঙ্গা/ হিলি, দিনাজপুর/ বুড়িমারী, লালমনিরহাট/আখাউড়া, ব্রাহ্মণবাড়ীয়া .....
- ১২) জনাব যোসেফ হাসদা, খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা, হিলি এলএসডি, হাকিমপুর, দিনাজপুর
- ১৩) অপারেটর, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ১৪) অফিস, কপি

২৬-৯-২০২৩

মোঃ মনিরুল ইসলাম

উপপরিচালক